

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

নির্বাহী প্রকৌশলীর দপ্তর  
বরিশাল ডিভিশন, হিম্নীড়, বরিশাল।

“পুনঃ নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্ব সাধারণ/প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঅনৌপ-কর্তৃপক্ষের বরিশাল ডিভিশনের আওতাধীন বরিশাল, চাঁদপুর ও খুলনা পাইলট হাউজের স্থলে পাইলটদের বসবাসের জন্য ৬(ছয়) তলা ফাউন্ডেশন বিশিষ্ট ৩(তিন) তলা ভবন নির্মাণের লক্ষ্যে বিভিন্ন প্রজাতির ১৯(উনিশ)টি গাছ নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে নিলামের মাধ্যমে বিক্রয়ের জন্য সীল মোহরকৃত নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিলাম দরপত্র আগামী ১২/০৭/২০১৭ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত বিভাগীয় কমিশনারের দপ্তর, কাশিপুর, বরিশাল; নির্বাহী প্রকৌশলী, বরিশাল ডিভিশন, বাঅনৌপক, হিম্নীড়, বরিশাল এর দপ্তর ও নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) নৌ-কারখানা, বাঅনৌপক, বরিশাল এ রক্ষিত বাক্সে একযোগে গ্রহন করা হবে এবং ঐ দিন বেলা ১৩:০০ ঘটিকার সময় নির্বাহী প্রকৌশলী, বাঅনৌপক, বরিশাল ডিভিশন, বরিশাল এর দপ্তরে নিলাম দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

ঃ শর্তাবলী :-

১. নিলামে অংশগ্রহনকারী নিলাম দরপত্র দাখিলের পূর্বে উক্ত গাছ সমূহ সরঞ্জামে দেখিয়া লইতে পারিবেন।
২. নিলাম দরপত্রে আইটেম ভিত্তিক দর কথায় ও অংকে লিখিতে হইবে।
৩. নিলাম দরপত্রে সর্বমোট মূল্যের উপর ২৫% (শতকরা পঁচিশ ভাগ) বায়নার টাকা, ভ্যাট ৪.০% (শতকরা চার ভাগ) ও আয়কর ৫.০% (শতকরা পাঁচ ভাগ) এর টাকাসমূহ পৃথক পৃথকভাবে যে কোন তফশীল ব্যাংক হইতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে “বাঅনৌপক” এর অনুকূলে নিলাম দরপত্রের সাথে প্রদান করিতে হইবে।
৪. যথাযথ কর্তৃক্ষের অনুমোদন পূর্বক কার্যাদেশ প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে সমস্ত গাছ নিজ দায়িত্ব ও নিজ খরচে অফিস চলাকালীন সময়ে সরাইয়া নিতে হইবে।
৫. সর্বোচ্চ দরদাতাকে কার্যাদেশ জারীর সম্মতি পত্র প্রদানের ৩ (তিন) দিনের মধ্যে নিলাম গ্রহীতার উদ্ধৃত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) টাকা আঞ্চলিক হিসাব দপ্তর বাঅনৌপক বরিশালে জমাদানের রশিদ গ্রহন করতঃ কার্যাদেশ গ্রহন করিয়া সমস্ত গাছ সরাইয়া লইতে হইবে। ব্যর্থতায় কার্যাদেশ বাতিলসহ জমানতের টাকা বাজেয়াপ্ত ঘোষনাসহ পুনঃ নিলামের ব্যবস্থা গ্রহন করা হইবে।
৬. কার্যাদেশ প্রদানের পরে নিলামকৃত গাছের নিরাপত্তার দায়িত্ব নিলাম গ্রহীতাকে বহন করিতে হইবে।
৭. নির্ধারিত সময়সীমার মধ্যে বর্ণিত গাছগুলো সরাইয়া নিতে ব্যর্থ হইলে বা মালামাল সমূহ খোয়া/চুরি হইলে তাহার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।
৮. নিলামে অংশগ্রহন করিতে ইচ্ছুক ব্যক্তি/ প্রতিষ্ঠানের মালিক নিলাম দরপত্র গ্রহনের নির্ধারিত তারিখের পূর্বদিন ১৭:০০ ঘটিকা পর্যন্ত অফিস চলাকালীন সময় পর্যন্ত কর্তৃপক্ষের আঞ্চলিক হিসাব দপ্তর বরিশালে টাঃ ৪০০/- (চারশত) মাত্র (অফেরৎযোগ্য) জমা দিয়া নিলাম তফশীল সংগ্রহ করিতে পারিবেন।
৯. উক্ত নিলামকৃত গাছগুলো সরাইয়া নেওয়ার সময় কর্তৃপক্ষের স্থাপনা বা বৈদ্যুতিক লাইনের কোন ক্ষয় ক্ষতি হইলে তাহা নিলাম গ্রহীতার উপর বর্তাইবে এবং ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবে।
১০. কর্তৃপক্ষের অন্যান্য নিয়ামাবলী যথারীতি পালিত হইবে।
১১. কর্তৃপক্ষ যে কোন নিলাম দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাঃ

(আবু জাফর মোহাম্মদ শাহনেওয়াজ কবির)

নির্বাহী প্রকৌশলী  
বরিশাল ডিভিশন, হিম্নীড়  
বাঅনৌপক, বরিশাল।

তারিখ: ২৮/০৬/২০১৭

নথি নং ১৮.১১.০৬.৫১.২৭৪.০৭.০১৫.১৭/ ২০১৭

অনুলিপি : (সদয় অবগতির জন্য)

০১। বিভাগীয় কমিশনার, কাশিপুর, বরিশাল।

০২। সচিব, বাঅনৌপক, ঢাকা।

০৩। প্রধান প্রকৌশলী, বাঅনৌপক, ঢাকা।

০৪। পরিচালক (হিসাব) বাঅনৌপক, ঢাকা।

০৫। পরিচালক (নিরীক্ষা) বাঅনৌপক, ঢাকা।

০৬। পরিচালক (অর্থ) বাঅনৌপক, ঢাকা।

০৭। পরিচালক (আইসিটি), বাঅনৌপক, ঢাকা। [বিআইডব্লিউটিএ এর ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশ করার ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা যাচ্ছে।

০৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাঅনৌপক, বরিশাল সার্কেল, বরিশাল।

০৯। উপ-পরিচালক(নৌসওপ) বাঅনৌপক, বরিশাল।

১০। জনসংযোগ কর্মকর্তা, বাঅনৌপক, ঢাকা। [০১(এক)টি বাংলা ও ০১(এক)টি ইংরেজী জাতীয় পত্রিকায় পর পর দুই দিন প্রকাশের ব্যবস্থার জন্য

অনুরোধ করা যাচ্ছে (০৬ কপি টেন্ডার নোটিশ সংযুক্ত)।

১১। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), বাঅনৌপক, নৌ-কারখানা বরিশাল। [উল্লেখিত তারিখে নিলাম দরপত্র গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুরোধ করা যাচ্ছে।

১২। উপ-পরিচালক (হিসাব) আঞ্চলিক হিসাব দপ্তর, বাঅনৌপক, বরিশাল।

নিলামের তারিখ ও সময় উপস্থিত থেকে নিলাম কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা যাচ্ছে।

১৩। সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল বিভাগ, বরিশাল জোন বরিশাল।

১৪। সহকারী পরিচালক (বওপ) বরিশাল নদী বন্দর, বাঅনৌপক, বরিশাল।

১৫। সহকারী পরিচালক ও সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বাঅনৌপক, ঢাকা।

১৬। ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বাঅনৌপক, ঢাকা।

১৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (প্রকৌশলী) মহোদয়ের দপ্তর, বাঅনৌপক, ঢাকা।

১৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিঃপরিঃ) মহোদয়ের দপ্তর, বাঅনৌপক, ঢাকা।

১৯। নোটিশ বোর্ড।

২০। নথি।

নির্বাহী প্রকৌশলী